

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬০৪ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ স্ত্রীর উপর স্বামীর অধিকার

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ لَا يَحِلُّ لِإِمْرَأَةٍ أَنْ تَصنُوْمَ وزَوْجُهَا شَاهدٌ إلاَّ بإِذْبِهِ مُتَّفَقٌ عَلَيهِ وهذا لفظ البخاري

বাংলা

(২৬০৪) আবৃ হুরাইরাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, স্বামীর উপস্থিতিতে তার অনুমতি ছাড়া কোন নারীর জন্য (নফল) রোযা রাখা বৈধ নয় এবং স্বামীর সম্মতি ব্যতিরেকে তার ঘরে কাউকে প্রবেশ করার অনুমতি দেওয়াও তার জন্য বৈধ নয়। (বুখারী ৫১৯৫, মুসলিম ২৪১৭, শব্দগুলি বুখারীর)

অন্য এক বর্ণনায় আছে

لَا تَصنُوْمُ الْمَرْأَةُ يَوْمًا تَطَوُّعًا فِيْ غَيْرِ رَمَضَانَ وَزَوْجُهَا شَاهِدٌ إِلاَّ بِإِذْنِهِ

মহিলা যেন স্বামীর বর্তমানে তার বিনা অনুমতিতে রমযানের রোযা ছাড়া একটি দিনও রোযা না রাখে। (দারেমী ১৭২০, সিলসিলা আহাদীসুস সহীহা ৩৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন